22 – 28 July, 2021

শিক্ষা চাকরি ও খেলা

Kolkata (South 24 Pgs.)

❖ তোমাদের প্রয়োজনে আমরা ❖

Shiksha Chakri O Khela

বর্ষ - ৭, সংখ্যা - ২৯ সাপ্তাহিক ২২ - ২৮ জুলাই, ২০২১ R.N.I. – WBBEN / 2015 / 63189 পৃষ্ঠা - ১৬ Rs. 5.00

ভেতরের পাতায়

❖ 'ডব্লুবিসিএস প্রিলিমিনারি' পরীক্ষার স্পেশাল মডেল সেট-১ এর পরবর্তী অংশ

❖ 'সাফল্যলাভে জিজ্ঞাসা' – পাঠক-পাঠিকাদের পাঠানো প্রশ্নের উত্তর দেওয়া হয়।

❖ কেন্দ্রীয় ও রাজ্য সরকারি বিভিন্ন পরীক্ষা সম্পর্কিত খবরখবর ও রেজাল্টসমূহ।

❖ বিস্তারিত কারেন্ট অ্যাফেয়ার্স

২৫২৭১ জিডি কনস্টেবল

মাধ্যমিক যোগ্যতায়

দীর্ঘ প্রতিক্ষার অবসান করে অবশেষে স্টাফ সিলেকশন কমিশন 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্স' (সিএপিএফ), 'ন্যাশনাল ইনভেসিটিগেশন এজেন্সি' (এনআইএ), 'সেক্রেটারিয়েট সিকিউরিটি ফোর্স' (এসএসএফ), 'বর্ডার সিকিউরিটি ফোর্স' (বিএসএফ), সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স (সিআইএসএফ), ইন্দো টিবেটান বর্ডার পুলিশ ফোর্স (আইটিবিপি), 'সশস্ত্র সীমা বল' (এসএসবি) এবং 'আসাম রাইফেলসে' রাইফেলম্যান শাখায় জেনারেল ডিউটি বিভাগে প্রায় ২৫,২৭১ জন পুরষ ও মহিলাকে কনস্টেবল পদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত করল। আবেদন গ্রহণ চলবে ৩১ আগস্ট রাত্রি সাড়ে ১১টা পর্যন্ত https://www.ssc.nic.in এই ওয়েবসাইটে। অনলাইনে ফি জমা করা যাবে ২ সেপ্টেম্বর রাত্রি সাড়ে ১১টা পর্যন্ত। আবেদন ফি ১০০ টাকা। এসসি, এসটি, শারীরিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলা প্রার্থীদের আবেদন ফি লাগবে না। অফলাইনে চালান জেনারেট করা যাবে ৪ সেপ্টেম্বর, রাত্রি সাড়ে ১১টার মধ্যে এবং অফলাইনে টাকা জমা করা যাবে সংশ্লিষ্ট ব্যাঙ্কে ৭ সেপ্টেম্বর তারিখের মধ্যে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : 3-1/2020-P&P-I।

▸ **শূন্যপদ : প্রথমে পুরুষ শাখায় শূন্যপদগুলি জানানো হল— ১)** ***বিএসএফ*** শাখায় মোট শূন্যপদ ৬৪১৩টি (অসংরক্ষিত ২৬৯০, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৬৪১, ওবিসি ১৪৫৩, এসটি ৬০৩ এবং এসসি ১০২৬)। **২)** ***সিআইএসএফ*** শাখায় মোট শূন্যপদ ৭৬১০টি (অসংরক্ষিত ৩২১৭, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৭৬০, ওবিসি ১৭১৪, এসটি ৭৮৬ এবং এসসি ১১৩৩)। **৩)** ***এসএসবি*** শাখায় মোট শূন্যপদ ৩৮০৬টি (অসংরক্ষিত ১৬১৬, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩৮০, ওবিসি ৮৯২, এসটি ৩১৪ এবং এসসি ৬০৪)। **৪)** ***আইটিবিপি*** শাখায় মোট শূন্যপদ ১২১৬টি (অসংরক্ষিত ৫৬৩, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৯৫, ওবিসি ২৫০, এসটি ১৩১ এবং এসসি ১৭৭)। **৫)** ***আসাম রাইফেলস*** শাখায় মোট শূন্যপদ ৩১৮৫টি (অসংরক্ষিত ১৩৫৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩১৭, ওবিসি ৬১৫, এসটি ৫০৮ এবং এসসি ৩৯১)। **৬)** ***এসএসএফ*** শাখায় মোট শূন্যপদ ১৯৪টি (অসংরক্ষিত ৮৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১৯, ওবিসি ৪৯, এসটি ১৪ এবং এসসি ২৮)। **এবার পুরুষ শাখায় শূন্যপদগুলি জানানো হল— ১)** ***বিএসএফ*** শাখায় মোট শূন্যপদ ১১৩২টি (অসংরক্ষিত

এরপর ২ পাতায়

কলকাতা পুলিশে ৩৩০

স্নাতক যোগ্যতায়

'ওয়েস্ট বেঙ্গল পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড'-এর মাধ্যমে কলকাতা পুলিশে সাব-ইন্সপেক্টর এবং সার্জেন্ট শাখায় ৩৩০ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। আবেদন করতে হবে ১৯ আগস্ট ২০২১ তারিখের মধ্যে।

▸ **শূন্যপদ :** ***আন-আর্মড ব্রাঞ্চে সাব ইন্সপেক্টর (পুরুষ)*** শাখায় মোট শূন্যপদ ১৮১টি (অসংরক্ষিত ১০১, এসসি ৪১, এসটি ৯, ওবিসি-এ ১৯ এবং ওবিসি-বি ১১)। ***আন-আর্মড ব্রাঞ্চে সাব ইন্সপেক্টর (মহিলা)*** শাখায় মোট শূন্যপদ ২৭টি (অসংরক্ষিত ১০, এসসি ১০, এসটি ২, ওবিসি-এ ২ এবং ওবিসি-বি ১৩)। ***সার্জেন্ট (পুরুষ)*** শাখায় মোট শূন্যপদ ১২২টি (অসংরক্ষিত ৬০, এসসি ১৬, এসটি ২৫, ওবিসি-এ ১২ এবং ওবিসি-বি ৯)।

▸ **বয়স :** ১ জানুয়ারি, ২০২১ তারিখ অনুযায় প্রার্থীদের বয়স হতে হবে ২০-২৭ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা

এরপর ৩ পাতায়

নৈনিতাল ব্যাঙ্কে ১৫০

স্নাতক যোগ্যতা থেকে শুরু

পুরনো প্রাইভেট সেক্টর সিডিউল কমার্সিয়াল ব্যাঙ্কের মধ্যে অন্যতম নৈনিতাল ব্যাঙ্ক লিমিটেড ১৫০টি শূন্যপদে ম্যানেজমেন্ট ট্রেনি ও ক্লার্ক শাখায় প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। উত্তর ভারতের ৫টি রাজ্য– উত্তরাখণ্ড, উত্তরপ্রদেশ, দিল্লি, হরিয়ানা ও রাজস্থানের ১৬২টি সংশ্লিষ্ট ব্যাঙ্কের শাখায় নির্বাচিত প্রার্থীদের নিয়োগ করা হবে। আবেদন করতে হবে ৩১ জুলাইয়ের মধ্যে। ম্যানেজমেন্ট ট্রেনি শাখায় শূন্যপদ ৭৫টি এবং ক্লার্ক শাখায় শূন্যপদ ৭৫টি। ৩১ মার্চ, ২০২১ তারিখ অনুযায়ী ম্যানেজমেন্ট ট্রেনি শাখার জন্য বয়স হতে ২১-২৭ বছরের মধ্যে। ক্লার্ক শাখার জন্য বয়স হতে ২১-২৮ বছরের মধ্যে। ম্যানেজমেন্ট ট্রেনি ও

এরপর ২ পাতায়

২৩৫৭ গ্রামীণ ডাকসেবক

মাধ্যমিক যোগ্যতায়

সারা দেশে পোস্টাল সার্কেল ২০২১ এর মাধ্যমে তৃতীয় পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া শুরু করতে চলেছে। পশ্চিমবঙ্গ সার্কেলে মোট ২৩৫৭টি শূন্যপদে গ্রামীণ ডাকসেবক নিয়োগ হবে। গোটা দেশে বিভিন্ন রাজ্য/অঞ্চল/সার্কেল ভাগ করে আবেদনগ্রহণ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : ICTTRECTT/R-100GDS-CYCLE-III/VOL-I। তিনটি পদে নিয়োগ করা হবে যথা– ব্রাঞ্চ পোসট মাস্টার (ডিপিএম), অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্ট মাস্টার (এবিপিএম) এবং ডাকসেবক।

▸ **শূন্যপদ :** মোট শূন্যপদ ২৩৫৭টি। এরমধ্যে অসংরক্ষিত ১০০১, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১৯২, ওবিসি

এরপর ২ পাতায়

সশস্ত্র সীমা বলে ১১৬ সাব-ইন্সপেক্টর

মাধ্যমিক যোগ্যতা থেকে শুরু

কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ সশস্ত্র সীমা বল (এসএসবি) ১১৬টি শূন্যপদে পাইওনিয়ার, ড্রাফটসম্যান, কমিউনিকেশন ও মহিলা স্টাফ নার্স শাখায় ১১৬ জন সাব-ইন্সপেক্টর নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : 338/RC/SSB/Combined Advt./Sub Inspectors/2020। পুরুষ ও মহিলা উভয় প্রার্থীরা আবেদন করতে পারবেন। আবেদন করতে হবে ৮ আগস্টের মধ্যে।

▸ **শূন্যপদ : ১)** ***সাব-ইন্সপেক্টর (পাইওনিয়ার)*** শাখায় শূন্যপদ ১৮টি (অসংরক্ষিত ৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, ওবিসি ৫, এসসি ৩ ও এসটি ১)। **২)** ***সাব-ইন্সপেক্টর (স্টাফ নার্স-ফিমেল)*** শাখায় শূন্যপদ ৩৯টি (অসংরক্ষিত ১৭, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২, ওবিসি ১০, এসসি ৮ ও এসটি ২)। শুধুমাত্র মহিলা প্রার্থীরাই আবেদনযোগ্য। **৩)** ***সাব-ইন্সপেক্টর (কমিউনিকেশন)*** শাখায় শূন্যপদ ৫৬টি (অসংরক্ষিত ৩২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৫, ওবিসি ৯, এসসি ৫ ও এসটি ৫)।

এরপর ২ পাতায়

ব্যারাকপুরে র‍্যালির মাধ্যমে নিয়োগ

উত্তর ২৪ পরগনার ব্যারাকপুর ক্যান্টনমেন্টে আরসিটিসি গ্রাউন্ডে উত্তর ২৪ পরগনা, হুগলি, বাঁকুড়া এবং পুরুলিয়া জেলার ইচ্ছুক প্রার্থীদের আর্মি র‍্যালিতে অংশগ্রহণ করার জন্য ভারতীয় সেনার পক্ষ থেকে বিজ্ঞপ্তি জারি করে জানানো হয়েছে। নির্ধারিত র‍্যালির তারিখ পরবর্তীতে সঠিক সময়ে প্রার্থীদের জানিয়ে দেওয়া হবে। রেজিস্ট্রেশন করতে হবে ২১ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে www.joinindianarmy.nic.in ওয়েবসাইটে গিয়ে। রেজিস্ট্রেশনের সময় প্রার্থীর বৈধ ইমেল আইডি দিতে হবে। যে ইমেল আইডিতে

এরপর ৩ পাতায়

নাবার্ডে বিভিন্ন পদে ১৬২

আবেদনের শেষ তারিখ ৭ আগস্ট

'ন্যাশনাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট' (নাবার্ড) ১৬২টি শূন্যপদে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার গ্রুপ-এ ও ম্যানেজার গ্রুপ-বি শাখার বিভিন্ন দপ্তরে প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। আবেদন করতে হবে ৭ আগস্ট তারিখের মধ্যে।

▸ **শূন্যপদ : ১)** ***অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (আরডিজিএস)***– শাখায় শূন্যপদ ১৪৮টি (অসংরক্ষিত ৬০, এসসি ২৩, এসটি ৭, ওবিসি ৪৪ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১৪)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৭টি শূন্যপদ সংরক্ষিত। এই পদে নিয়োগ করা

এরপর ৩ পাতায়

101 George Telegraph

GSCE পড়লেই সরকারি চাকরি

George Telegraph • Since 1920

সরকারি চাকরি এবার ঘরে বসে কম খরচে

যে সমস্ত পরীক্ষা শীঘ্রই আসন্ন

GSCE অলনাইন

▸ ৬০ হাজার শিক্ষক টেট পরীক্ষার মাধ্যমে

▸ ১০৫০০ গ্রুপ-ডি, লাইব্রেরিয়ান ▸ ডব্লুবিসিএস ২০২১-২২

যে সমস্ত পরীক্ষায় ফর্ম ফিলআপ চলছে

Website : www.gsceindia.org

▸ মাধ্যমিক পাশে ২৫২৭১ জিডি কনস্টেবল ▸ স্নাতক পাশে ব্যাঙ্কে ৫৮৩০ ক্লার্ক ▸ কলকাতা পুলিশে ৩৩০

জিএসসিই-তে অনলাইন-অফলাইন সাপোর্ট

EMI facility available

• লাইভ ক্লাস গুগল মীটে • Exam Oriented Study Materials in PDF Format through Email/Whatsapp • Class Notes, Class Tests, Performance Test • Daily GK 40-50 pages per day • Weekly/Monthly Mock Tests • Mock Interview facility • GSCE Publications থেকে পাওয়া যাবে মাসিক ম্যাগাজিন 'অ্যাচিভার্স', 'Achievers In-Focus' ও সাপ্তাহিক ট্যাবলয়েড 'শিক্ষা চাকরি ও খেলা'।

New Normal

Online Course on Competitive Exams for all types of Central and State level Govt. jobs - like

WBCS • SLST • TET • BANK

RAIL • PSC • SSC • LIC • Police etc.

কোর্স ফি ৩৫৪০ টাকা থেকে শুরু

Admission Helpline : 9830277100 / 200 / 300

Website : www.gsceindia.org | E-mail : gscesdh@gmail.com

সম্পাদকীয়

দেশে করোনা সঙ্কট কিছুটা হলেও স্বস্তির মুখে। সম্প্রতি জগন্নাথদেব, বলরাম ও সুভদ্রা পবিত্র রথযাত্রা উৎসবের মাধ্যমে প্রচলিত বিশ্বাস অনুযায়ী মাসির বাড়ি যাত্রা করেছিলেন। ঐদিন সারা দেশ জুড়ে পালিত হয় 'শুভ রথযাত্রা উৎসব'। তার এক সপ্তাহ পর পালিত হল উল্টোরথযাত্রা যেদিন কিনা শ্রীশ্রী জগন্নাথদেব, বলরাম ও সুভদ্রা আবার তাঁদের নিজের বাড়িতে ফিরে এলেন। সারা দেশে রথযাত্রার এই দিনটিকে বিশেষ পবিত্র দিন বলে ধরা হয়। প্রচলিত বিশ্বাস অনুযায়ী, এই দিন কোনো শুভ কাজের সূচনাও করেন অনেকে। এই দিনটি দুর্গা উৎসবের প্রাক সূচনাকাল বলেও অনেকে বিশ্বাস করে থাকেন। তবে সবকিছু ছাপিয়ে ওড়িশার পুরীতে রথযাত্রা উপলক্ষ্যে শ্রীজগন্নাথ দেবের মন্দিরে দীর্ঘ একমাস ধরে চলে রথযাত্রা উৎসব উদ্‌যাপন। এখন করোনা সঙ্কটের মধ্যে লোকজন বিশেষ না গেলেও প্রতি বছর পবিত্র রথের রশি টানতে নানাদিক থেকে প্রচুর জনসমাগম হয় পুরীর জগন্নাথ দেবের মন্দিরে। এই শুভ পার্বণের মধ্যে সরকারি চাকরিপ্রার্থীদের জন্য কেন্দ্রীয় সরকার মাধ্যমিক পাশ যোগ্যতায় জিডি কনস্টেবলে ২৫,২৭১টি শূন্যপদে পুরুষ ও মহিলা প্রার্থীদের নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। দীর্ঘ প্রতিক্ষার অবসান শেষে স্টাফ সিলেকশন কমিশনও নিয়োগের খবর প্রকাশ করল কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের বিভিন্ন দপ্তরে। এছাড়া রাজ্য সরকার কলকাতা পুলিশে ৩৩০ জন সাব-ইন্সপেক্টর ও সার্জেন্ট নিয়োগ করবে বলে জানিয়েছে। স্নাতক পাশ যোগ্যতায় এখানেও পুরুষ ও মহিলা উভয়েই আবেদন করতে পারবেন। তাছাড়া ওয়েস্টবেঙ্গল পোস্টাল সার্কেলের মাধ্যমে ২,৩৫৭টি শূন্যপদে তৃতীয় পর্যায়ে গ্রামীণ ডাকসেবক নিয়োগের বিজ্ঞপ্তিও প্রকাশিত হয়েছে, মাধ্যমিক পাশ যোগ্যতায় প্রার্থীরা আবেদনযোগ্য। এছাড়া সশস্ত্র সীমা বলে ১১৬ সাব-ইন্সপেক্টর, ব্যারাকপুরে আর্মি র‍্যালির মাধ্যমে অবিবাহিত প্রচুর পুরুষ প্রার্থী নিয়োগের বিশেষ খবরও আছে এই সংখ্যাতে। দীর্ঘদিন পর নাবার্ডেও ১৬২টি শূন্যপদে ম্যানেজার ও অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার শাখায় কর্মী নিয়োগ করা হবে। সুতরাং এই সপ্তাহে একগুচ্ছ সরকারি চাকরির খবর নিয়ে হাজির হয়েছি আমরা। বিস্তারিত বিবরণ দেওয়া রইল আমাদের পত্রিকা 'শিক্ষা চাকরি ও খেলা'তে। পরীক্ষা প্রস্তুতির সঙ্গে সঙ্গে আবেদনও শুরু করে দিন এখুনি। সকলে ভালো থাকবেন ও সুস্থ থাকবেন এবং আমাদের পত্রিকা থেকে সরকারি চাকরির খবর নিয়ে নিজেদের আপ-টুডেট রাখবেন।

২৫২৭১ জিডি কনস্টেবল

১ পাতার পর

৪৭৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১১৩, ওবিসি ২৫৫, এসটি ১১০ এবং এসসি ১৭৬)। ২) *সিআইএসএফ* শাখায় মোট শূন্যপদ ৮৫৪টি (অসংরক্ষিত ৩৫৯, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৮৮, ওবিসি ১৯৩, এসটি ৮৬ এবং এসসি ১২৮)। ৩) *আইটিবিপি* শাখায় মোট শূন্যপদ ২১৫টি (অসংরক্ষিত ১১৭, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৮, ওবিসি ৪২, এসটি ২০ এবং এসসি ২৮)। ৪) *আসাম রাইফেলস* শাখায় মোট শূন্যপদ ৬০০টি (অসংরক্ষিত ২৫৫, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৬০, ওবিসি ১১৫, এসটি ৯৯ এবং এসসি ৭১)। ৭) *এসএসএফ* শাখায় মোট শূন্যপদ ৪৬টি (অসংরক্ষিত ২১, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৪, ওবিসি ১১, এসটি ৩ এবং এসসি ৭)।

▶ **বয়সসীমা :** ১ আগস্ট ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ১৮-২৩ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** ১ আগস্ট, ২০২১ তারিখ অনুযায়ী স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা তার সমতুল শ্রেণি পাশ করতে হবে। নম্বরের কোনো বাধ্যবাধকতা নেই, শুধু পাশ করলেই আবেদনযোগ্য।

▶ **শারীরিক মাপজোখ :** পুরুষ প্রার্থীদের ন্যূনতম শারীরিক উচ্চতা হতে হবে ১৭০ সেমি এবং মহিলাদের ১৫৭ সেমি। এসটি প্রার্থীদের মধ্যে পুরুষদের উচ্চতা ১৬২.৫ সেমি এবং মহিলাদের ১৫০ সেমি। পুরুষ প্রার্থীদের বুকের ছাতি হতে হবে ন্যূনতম ৮০ সেমি এবং ফুলিয়ে ৮৫ সেমি। এসটি প্রার্থীদের বুকের ছাতি হতে হবে ন্যূনতম ৭৬ সেমি এবং ফুলিয়ে ৮১ সেমি।

▶ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা (অনলাইন টেস্ট), ফিজিক্যাল এফিসিয়েন্সি টেস্ট এবং ফিজিক্যাল স্ট্যান্ডার্ড টেস্টের মাধ্যমে। অনলাইন লিখিত পরীক্ষায় ৯০ মিনিট সময়ে প্রার্থীদের জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল নলেজ অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস, এলিমেন্টারি ম্যাথমেটিক্স এবং ইংলিশ/হিন্দি বিষয়ে ১০০ নম্বর বিষয়ের পরীক্ষা দিতে হবে। নেগেটিভ মার্কিং থাকছে এক-চতুর্থাংশ। লিখিত পরীক্ষায় পাশ করলে প্রার্থীদের শারীরিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ফিজিক্যাল স্ট্যান্ডার্ড টেস্টে পাশ করার পর প্রার্থীদের ফিজিক্যাল এফিসিয়েন্সি টেস্টে অংশগ্রহণ করতে হবে। এই ধাপে পুরুষ প্রার্থীদের দৌড়তে প্রথমে ৫ কিমি ২৪ মিনিটে। পরে ১.৬ কিমি সাড়ে ৬ মিনিটে। মহিলা প্রার্থীদের প্রথমে ১.৬ কিমি দৌড়তে হবে সাড়ে ৮ মিনিটে এবং পরে ৮০০ মিটার দৌড়তে হবে ৪ মিনিটে। পুরুষ ও মহিলা প্রার্থীদের দৌড়ের দ্বিতীয় ধাপের অংশগুলো শুধুমাত্র লাদাখ এলাকার প্রার্থীদের জন্য নির্ধারিত। এই ধাপে উত্তীর্ণ হলে প্রার্থীদের মেডিক্যাল এক্সামিনেশন ও ডকুমেন্ট ভেরিফিকেশনে ডাকা হবে। পরীক্ষার তারিখ পরীবর্তীতে জানিয়ে দেওয়া হবে কমিশনেরে তরফে। এছাড়া বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

সশস্ত্র সীমা বলে ১১৬ সাব-ইন্সপেক্টর

১ পাতার পর

৪) *সাব-ইন্সপেক্টর (ড্রাফটসম্যান)* শাখায় শূন্যপদ ৩টি (অসংরক্ষিত)। উপরিউক্ত শূন্যপদগুলির মধ্যে ১০ শতাংশ শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

▶ **বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা:** ১) *সাব-ইন্সপেক্টর (পাইওনিয়ার)* শাখায় বয়সসীমা ৩০ বছরের মধ্যে। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি/ডিপ্লোমা পাশ করতে হবে। ২) *সাব-ইন্সপেক্টর (স্টাফ নার্স-ফিমেল)* শাখায় বয়সসীমা ২১-৩০ বছরের মধ্যে। সায়েন্স শাখায় স্বীকৃত বোর্ড থেকে উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে রাজ্য বা কেন্দ্রীয় সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অন্তত ৩ বছর মেয়াদের ডিপ্লোমা পাশ করতে হবে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফেরি বিষয়ে। রাজ্য বা কেন্দ্রীয় নার্সিং কাউন্সিল দ্বারা রেজিস্টার্ড হতে হবে। স্বীকৃত হাসপাতালে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ৩) *সাব-ইন্সপেক্টর (কমিউনিকেশন)* শাখায় বয়সসীমা ২১-৩০ বছরের মধ্যে। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/কম্পিউটার সায়েন্স/ইনফরমেশন টেকনোলজি ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি পাশ করতে হবে। এছাড়া উচ্চমাধ্যমিক স্তরে অবশ্যই ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স বিষয় পড়ে থাকতে হবে। ৪) *সাব-ইন্সপেক্টর (ড্রাফটসম্যান)* শাখায় বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে। আবেদনের জন্য স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক পাশের সঙ্গে ২ বছর মেয়াদের ন্যাশনাল ট্রেডসম্যান সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে কোনো স্বীকৃত আইটিআই প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট শাখায় এবং কোনো সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অন্তত ১ বছর মেয়াদের সার্টিফিকেট কোর্স পাশ করতে হবে অটোক্যাড শাখায়।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ৯ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে www.ssbrectt.gov.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ২০০ টাকা। এসসি/এসটি/প্রাক্তন সমরকর্মী ও মহিলা প্রার্থীদের আবেদন ফি লাগবে না। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। এছাড়া বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

২৩৫৭ গ্রামীণ ডাকসেবক

১ পাতার পর

৪৯৬, এসসি ৪৮৭, এসটি ১২০ ও শারীরিক প্রতিবন্ধী ৫৫।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** প্রার্থীদের স্বীকৃত বোর্ড থেকে অঙ্ক, ইংরেজি এবং যে এলাকায় প্রার্থী আবেদন করছেন সেখানা স্থানীয় ভাষায় পাশ নম্বরসহ মাধ্যমিক উত্তীর্ণ হতে হবে। যেমন দার্জিলিং পোস্টাল ডিভিশনের জন্য স্থানীয় ভাষা নেপালি/বাংলা। তাই ওখানকার প্রার্থীদের নেপালি বা বাংলা— যেকোনো একটি ভাষায় মাধ্যমিক পাশ করে থাকতে হবে। এছাড়া অন্তত ৬০ দিনের মেয়াদে একটি বেসিক কম্পিউটার কোর্স করে থাকতে হবে। সাইকেল, মোটর সাইকেল চালানো জানতে হবে। ব্রাঞ্চ পোস্ট মাস্টার পদে আবেদন করলে সংশ্লিষ্ট পোস্টাল গ্রাম বা এলাকার জনবহুল অংশে নিজের বাড়ি/সরকারি নিবাস বা অফিস (যেমন সরকারি স্কুল)-এর ব্যবস্থা থাকতে হবে। ব্রাঞ্চ অফিস অন্তত ১০০ বর্গফুট হতে হবে। ব্রাঞ্চ অফিসে সেফটি, সিকিউরিটি, পাওয়ার সাপ্লাই থাকতে হবে।

▶ **বয়সসীমা :** ২০ জুলাই, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ১৮-৪০ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **নির্বাচন পদ্ধতি :** আবেদনপত্রের ভিত্তিতে প্রথমে প্রার্থীদের মাধ্যমিকে প্রাপ্ত নম্বর দেখা হবে। শিক্ষাগত যোগ্যতায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাতালিকা প্রস্তুত করা হবে ও সংশ্লিষ্ট ওয়েসাইটে তা আপলোড করে দেওয়া হবে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ১৯ আগস্ট তারিখের মধ্যে প্রার্থীদের অনলাইনে আবেদন করতে হবে https://indiapost.gov.in অথবা, https://atpost.in/gdsonline ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ১০০ টাকা। প্রার্থীদের আবেদন ফি জমা করতে হবে যেকোনো স্বীকৃত হেড পোস্ট অফিসে গিয়ে। সমস্ত পোস্ট অফিসগুলির নাম https://atpost.in/gdsonline এই ওয়েবসাইটে গিয়ে দেখে নিতে হবে। একজন প্রার্থী একবার রেজিস্ট্রেশন করতে পারবেন। মাধ্যমিকের সার্টিফিকেট, জন্ম তারিখের প্রমাণপত্র (বার্থ সার্টিফিকেট), মাধ্যমিকের অ্যাডমিট কার্ড, প্রার্থীর পাসপোর্ট সাইজের ছবি, স্বাক্ষর ইত্যাদি নথি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবি ৫০ কেবি এবং স্বাক্ষর ২০ কেবি সাইজের মধ্যে হতে হবে। সারা দেশে সার্কেল অনুযায়ী একজন সর্বাধিক ২০টি পদে আবেদন করতে পারবেন। পোস্ট-১, পোস্ট-২ এইভাবে চিহ্নিত করে দিতে হবে আবেদন করার সময়। তবে একটি সার্কেলের জন্য একটি পোস্ট গৃহীত হবে। এসসি/এসটি/মহিলা ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের আবেদন ফি লাগবে না। এছাড়া বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইট দেখুন।

নৈনিতাল ব্যাঙ্কে ১৫০

১ পাতার পর

ক্লার্ক শাখায় আবেদনের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অন্তত ৫০ শতাংশ নম্বরসহ যেকোনো শাখায় স্নাতক/স্নাতকোত্তর পাশ করে থাকতে হবে। কম্পিউটারে কাজ জানতে হবে। কোনো ব্যাঙ্কিং/ফিন্যান্সিয়াল ইনস্টিটিউশনে অন্তত ১-২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সমস্ত শিক্ষাগত যোগ্যতা ও কাজের অভিজ্ঞতা ৩১ মার্চ, ২০২১ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। প্রার্থীদের বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ১৭-৩১ জুলাই তারিখের মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে www.nainitalbank.co.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ১৫০০ টাকা। যে লিখিত পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই হবে সেটি কম্পিউটার বেসড টেস্টে হবে। সম্পূর্ণ ইংরেজি ভাষায় প্রশ্নপত্র হবে অবজেক্টিভ টাইপের। রিজনিং, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, জেনারেল অ্যাওয়ারনেস (উইথ স্পেশাল রেফারেন্স টু ব্যাঙ্কিং), কম্পিউটার নলেজ এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয় থেকে ৪০টি প্রশ্ন থাকবে এবং মোট ২০০ নম্বরের পরীক্ষা হবে। রিজনিং, ইংলিশ ল্যাঙ্গুয়েজ এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ে ৩৫ মিনিট করে এবং জেনারেল অ্যাওয়ারনেস (উইথ স্পেশাল রেফারেন্স টু ব্যাঙ্কিং) এবং কম্পিউটার নলেজ বিষয়ে ২০ মিনিট করে সময় নির্ধারিত থাকবে। অর্থাৎ মোট ১৪৫ মিনিট সময়ের পরীক্ষা হবে। এক-চতুর্থাংশ নেগেটিভ মার্কিং থাকবে। লিখিত পরীক্ষায় পাশ করলে প্রার্থীদের ডকুমেন্ট ভেরিফিকেশনে ডাকা হবে। সম্ভাব্য লিখিত পরীক্ষার তারিখ এবছর আগস্ট মাস নাগাদ। নিয়মিত আপডেট পেতে চোখ রাখুন উপরিউক্ত ওয়েবসাইটে।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকা দপ্তর

- **Published by :** Avijit Kundu on behalf of owner GSCE Publications
- **Editor :** Mr. Haranath Das
- **Content Developer & Copy Editor :** Bidyabati Bhowmick
- **For Advt. Please Contact :** 9230056670
- **Page Layout & Graphics Design :** Lakshminarayan Pal
- **Published from :** 31A, S. P. Mukherjee Road, Kolkata-700025 (South 24 Pgs.)
- **Printed from :** Ananda Offset Pvt. Ltd., GN-39, Sector - V, Saltlake City, Kolkata - 700091
- **Phone :** 9230056670
- **E-mail :** gscepublications@gmail.com
- **Website :** www.gsceindia.org

এই পত্রিকায় প্রকাশিত কোনো তথ্যে কোনোরকম ভুল বা অসংগতি থাকলে তা সম্পূর্ণ অনিচ্ছাকৃত।

জর্জ টেলিগ্রাফের জিএসসিই পাবলিকেশনস থেকে নিয়মিত প্রকাশিত হচ্ছে সাপ্তাহিক ট্যাবলয়েড 'শিক্ষা চাকরি ও খেলা'। ডিস্ট্রিবিউটর ও নিউজ পেপার এজেন্টগণ এই সাপ্তাহিক ট্যাবলয়েডটি নিয়মিত পেতে ও যেকোনো ব্যবসায়িক যোগাযোগের জন্য নীচের নম্বরে যোগাযোগ করুন।

মোবাইল : 9830277300

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকার পাঠকদের উদ্দেশ্যে সতর্কীকরণ

'শিক্ষা চাকরি ও খেলা' একটি নিরপেক্ষ পত্রিকা। এখানে দেখা কোনো বিজ্ঞাপন দেখে কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে অবশ্যই ওই সংস্থা সম্পর্কে বিস্তারিত খোঁজ খবর করে নেবেন। বিজ্ঞাপনে উল্লিখিত কোনো তথ্যে কোনোরূপ ভুল থাকলে বা কোনো তথ্য বিকৃত থাকলে তার দায় সম্পূর্ণভাবে ওই বিজ্ঞাপনদাতার।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকায় বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন

Ph : 9230056670 • E-mail : gscesdh@gmail.com

বিঃ দ্রঃ : বিজ্ঞাপন সম্পর্কিত সমস্ত ধরনের লেনদেন 'GSCE Publications' এর অনুকূলে কেবলমাত্র চেক/ড্রাফটের মাধ্যমে গ্রহণ করা হবে। কোনোরূপ ক্যাশ লেনদেন গ্রাহ্য করা হবে না। বিজ্ঞাপনদাতার লিখিত অনুমতি বা রিলিজ অর্ডার ছাড়া কোনো বিজ্ঞাপন প্রকাশিত হবে না।

কলকাতা পুলিশে ৩৩০

১ পাতার পর

সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক পাশ করতে হবে। বাংলা ভাষা লিখতে, পড়তে ও বলতে জানতে হবে। সমস্ত শিক্ষাগত যোগ্যতা ১৭ জুলাই, ২০২১ তারিখের আগে সম্পন্ন করতে হবে।

▶ **শারীরিক মাপজোখ :** সাব-ইন্সপেক্টর শাখায় পুরুষদের ন্যূনতম শারীরিক উচ্চতা হবে হবে ১৬৭ সেমি। বুকের ছাতি হবে হবে ৭৯ সেমি এবং ফুলিয়ে ৮৪ সেমি। ওজন হতে হবে অন্তত ৫৬ কেজি। সাব-ইন্সপেক্টর শাখায় মহিলা পদে ন্যূনতম শারীরিক উচ্চতা হতে হবে ১৬০ সেমি এবং ওজন হতে হবে অন্তত ৪৮ কেজি। সার্জেন্ট শাখায় আবেদনের জন্য শারীরিক উচ্চতা হতে হবে ন্যূনতম ১৭৩ সেমি। বুকের ছাতি হতে হবে অন্তত ৮৬ সেমি এবং ফুলিয়ে অন্তত ৯১ সেমি। শারীরিক প্রতিবন্ধীরা আবেদনযোগ্য নন।

▶ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে প্রথমে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা, তারপর শারীরিক সক্ষমতার পরীক্ষা এবং শেষে ফাইনাল লিখিত পরীক্ষার মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষায় মোট ২০০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্নে ৯০ মিনিট সময়ে জেনারেল স্টাডিজ (৫০টি প্রশ্ন ১০০ নম্বরের), লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং (২৫টি প্রশ্ন ৫০ নম্বরের) এবং অ্যারিথমেটিক থেকে (২৫টি প্রশ্ন ৫০ নম্বরের)। এক-চতুর্থাংশ নেগেটিভ মার্কিং থাকবে। এই ধাপে পাশ করলে প্রার্থীদের মাঠ পরীক্ষায় যেখানে পুরুষ প্রার্থীদের সাব-ইন্সপেক্টর ও সার্জেন্ট পদে জন্য ৮০০ মিটার দৌড়তে হবে ৪ মিনিটে এবং মহিলাদের ৪০০ মিটার দৌড়তে হবে ২ মিনিটে। মাঠে পাশ করলে প্রার্থীদের ফাইনাল লিখিত পরীক্ষায় বসতে হবে যেটি ৩টি পেপারে অনুষ্ঠিত হবে। জেনারেল স্টাডিজ অ্যান্ড অ্যারিথমেটিক থেকে ১০০ নম্বরের প্রশ্ন, সময় ২ ঘণ্টা। দ্বিতীয় পেপারে থাকবে ইংরেজি থেকে ৫০ নম্বরের প্রশ্ন, সময় ১ ঘণ্টা এবং তৃতীয় পেপারে থাকবে বাংলা/হিন্দি/উর্দু/নেপালি থেকে ৫০ নম্বরের প্রশ্ন, সময় ১ ঘণ্টা। তিনটি পেপারের পরীক্ষাই একইদিনে অনুষ্ঠিত হবে। এই ধাপে উত্তীর্ণ হলে প্রার্থীদের পার্সোনালিটি টেস্টে ডাকা হবে। পার্সোনালিটি টেস্টে মোট ৩০ নম্বরের পরীক্ষা হবে। পাশমার্ক ৮। এই ধাপে পাশ করে গেলে প্রার্থীদের চূড়ান্ত মেডিক্যাল পরীক্ষা ও ডকুমেন্ট ভেরিফিকেশনে ডাকা হবে। উল্লেখ্য, ফাইনাল লিখিত পরীক্ষাটি রচনাধর্মী প্রশ্নে হবে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ১৯ আগস্ট, বিকেল পাঁচটার মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে wbpolice.gov.in অথবা, www.kolkatapolice.gov.in ওয়েবসাইটে গিয়ে আবেদন করতে হবে। আবেদন ফি ২৭০ টাকা। এসসি/এসটি প্রার্থীদের আবেদন ফি ২০ টাকা। অফলাইনে চালানের মাধ্যমে টাকা জমা করার শেষ তারিখ ২১ আগস্ট। টাকা জমা করতে হবে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের যেকোনো শাখায়। প্রার্থীরা চাইলে অফলাইনেও আবেদন করতে পারেন। এছাড়া বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

নাবার্ডে বিভিন্ন পদে ১৬২

১ পাতার পর

হবে জেনারেল, এগ্রিকালচার, এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ফিশারিজ, ফরেস্ট্রি, প্ল্যান্টশন/হর্টিকালচার, ল্যান্ড ডেভেলপমেন্ট/সয়েল সায়েন্স, ওয়াটার রিসোর্সেস, ফিন্যান্স এবং কম্পিউটার/ইনফরমেশন টেকনোলজি দপ্তরে। আবেদনের জন্য সংশ্লিষ্ট শাখায় ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ স্নাতক পাশ অথবা ৫৫ শতাংশ নম্বরসহ স্নাতকোত্তর ডিগ্রি পাশ করতে হবে। এসসি/এসটি প্রার্থীদের স্নাতকস্তরে ন্যূনতম ৫৫ এবং স্নাতকোত্তর স্তরে ৫০ শতাংশ নম্বর পেতে হবে। ২) *অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (রাজভাষা)*— শাখায় শূন্যপদ ৫টি (অসংরক্ষিত ২, এসসি ১, এসটি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। এর মধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত। এই শাখায় আবেদনের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ ইংরেজি/হিন্দি ভাষায় স্নাতক পাশ করতে হবে। হিন্দি থেকে ইংরেজি এবং ইংরেজি থেকে হিন্দিতে অনুবাদে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা পাশ করতে হবে অন্তত ১ বছর মেয়াদের। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধীরা অন্তত ৫৫ শতাংশ নম্বর পেলেই আবেদন করতে পারবেন। বাকি পদগুলির শিক্ষাগত যোগ্যতা সম্পর্কে বিস্তারিত জানতে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ৭ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে www.nabard.org অথবা, ibpsonline.ibps.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (আরডিজিএস, রাজভাষা) শাখায় ৮০০ টাকা। এসসি/এসটি/শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের আবেদন ফি ১৫০ টাকা। অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (প্রোটোকল অ্যান্ড সিকিউরিটি সার্ভিস) শাখায় আবেদন ফি ৭৫০ টাকা। এসসি/এসটি/শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ১০০ টাকা। ম্যানেজার গ্রুপ-বি (আরডিজিএস) শাখায় আবেদন ফি ৯০০ টাকা। এসসি/এসটি/শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ১৫০ টাকা। সমস্ত পদগুলি ও বয়সসীমা সম্পর্কে বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

কারেন্ট অ্যাফেয়ার্স

৮ পাতার পর

এক সোনালি অধ্যায়ের অবসান হল। গৌতম বেনেগালের মৃত্যুসংবাদ সোশ্যাল মিডিয়ায় জানিয়েছেন তাঁর বন্ধু তথা শিল্পী কাইজাদ কোটওয়াল। জাতীয় পুরস্কারপ্রাপ্ত অ্যানিমেশন ফিল্মমেকার গৌতম বেনেগান মাত্র ১৬ বছর বয়স থেকেই শিল্পীমহলে নিজের জায়গা করে নিয়েছিলেন। সত্যজিৎ রায়ের সন্দেশ পত্রিকায় নিয়মিত প্রকাশিত হত গৌতম বেনেগালের ছবি এবং প্রতিবেদন। দক্ষ পরিচালক হিসেবেও যথেষ্ট সুনাম ছিল তাঁর। 'ফিল্ম ডিভিশন অফ ইন্ডিয়া'র জন্যও ছবি পরিচালনা করেছিলেন এই বাঙালি। এছাড়াও 'কেলভিনেটর পেঙ্গুইন', 'হ্যান্ডিপ্ল্যাস্ট', 'বয়' ছবির জন্য তিনি যথেষ্ট সুনাম অর্জন করেছিলেন। টাইমস অফ ইন্ডিয়া, ডিএনএ-এর মত সংবাদমাধ্যমে তিনি চিত্রশিল্পী হিসেবে কাজ করেছিলেন। 'দ্য প্রিন্স অ্যান্ড দ্য কার্ডন অফ স্টোনা' ছবির জন্য ২০১০ সালে তিনি জাতীয় পুরস্কার পান। তাঁর এই আকস্মিক প্রয়াণে মর্মাহত চলচ্চিত্র জগতের বিশিষ্টজনেরা তথা শিল্পীরা।

অর্থনীতি, ব্যাঙ্কিং ও ব্যাবসা-বাণিজ্য

❑ **জাস্ট ডায়াল-এর শেয়ার কিনল রিলায়েন্স ডিজিট্যাল :** ২০ জুলাই একটি ওপেন মার্কেট ট্রানজাকশনে জাস্ট ডায়াল লিমিটেডের শেয়ার কিনে নিল রিলায়েন্স। রিলায়েন্সের রিটেল ভেঞ্চার ১৩৩২ কোটি টাকায় কেনে শেয়ারটি। বিএসই-এর লেনদেনের রেকর্ডে জানানো হয়েছে রিলায়েন্সের রিটেল ভেঞ্চার ১.৩ কোটি স্ক্রিপ্ট কিনে নেয়, যার গড় ১০২০ এপিস। উল্লেখ্য, শেয়ার হোল্ডিংয়ের তথ্য অনুযায়ী ৩০.৯ স্টক বিক্রি করেছে 'জাস্ট ডায়াল'।

ব্যারাকপুরে র‍্যালির মাধ্যমে নিয়োগ

১ পাতার পর

নির্ধারিত র‍্যালির দিন ১৫ আগে অ্যাডমিট কার্ড পাঠিয়ে দিতে হবে।

▶ **বয়সসীমা :** প্রার্থীদের ১ অক্টোবর, ২০২০ তারিখ অনুযায়ী বয়সে হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১ অক্টোবর ১৯৯৮ থেকে ১ এপ্রিল ২০০৪ তারিখের মধ্যে। শুধুমাত্র সোলজার জেনারেল ডিউটি পদের জন্য প্রার্থীদের জন্মতারিখ হতে হবে ১ অক্টোবর, ২০০০ থেকে ১ এপ্রিল ২০০৪ তারিখের মধ্যে।

▶ **পদ অনুযায়ী শারীরিক মাপজোখ ও শিক্ষাগত যোগ্যতা :** ১) *সোলজার জেনারেল ডিউটি*— শাখায় আবেদনের জন্য শারীরিক উচ্চতা হবে ১৬৯ সেমি এবং বুকের ছাতি ৭৭ সেমি এবং ফুলিয়ে অন্তত ৫ সেমি বেশি। স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমতুল পাশ করতে ন্যূনতম ৪৫ শতাংশ নম্বরসহ এবং প্রতিটি বিষয়ে ন্যূনতম ৩৩ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ২) *সোলজার টেকনিক্যাল*— শাখায় আবেদনের জন্য শারীরিক উচ্চতা হবে ১৬৯ সেমি এবং বুকের ছাতি ৭৭ সেমি এবং ফুলিয়ে অন্তত ৫ সেমি বেশি। ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথ ও ইংরেজির প্রতিটিতে অন্তত ৪০ শতাংশ এবং মোট ৫০ শতাংশ নম্বরসহ উচ্চমাধ্যমিক পাশ করতে হবে। ৩) *সোলজার টেকনিক্যাল (এভিয়েশন/ অ্যামিউনেশন এক্সামিনার*-- শাখায় আবেদনের জন্য শারীরিক উচ্চতা হবে ১৬৯ সেমি এবং বুকের ছাতি ৭৭ সেমি এবং ফুলিয়ে অন্তত ৫ সেমি বেশি। ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথ ও ইংরেজির প্রতিটিতে অন্তত ৪০ শতাংশ এবং মোট ৫০ শতাংশ নম্বরসহ উচ্চমাধ্যমিক পাশ করতে হবে। ৪) *সোলজার টেকনিক্যাল, সোলজার নার্সিং অ্যাসিস্ট্যান্ট/নার্সিং অ্যাসিস্ট্যান্ট ভেটেরিনারি* — শাখায় আবেদনের জন্য শারীরিক উচ্চতা হবে ১৬৯ সেমি এবং বুকের ছাতি ৭৭ সেমি এবং ফুলিয়ে অন্তত ৫ সেমি বেশি। ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরেজির প্রতিটিতে অন্তত ৪০ শতাংশ এবং মোট অন্তত ৫০ শতাংশ নম্বরসহ উচ্চমাধ্যমিক পাশ করতে হবে। ৫) *সোলজার ক্লার্ক/স্টোরকিপার টেকনিক্যাল* — শাখায় আবেদনের জন্য শারীরিক উচ্চতা হবে ১৬২ সেমি এবং বুকের ছাতি ৭৭ সেমি এবং ফুলিয়ে অন্তত ৫ সেমি বেশি। আর্টস/কমার্স/সায়েন্স যেকোনো শাখায় অন্তত ৬০ শতাংশ নম্বরসহ উচ্চমাধ্যমিক পাশ করতে হবে। প্রতিটি বিষয়ে অন্তত ৫০ শতাংশ করে নম্বর পেয়ে থাকতে হবে। ৬) *সোলজার ট্রেডসম্যান (অল আর্মস)*— শাখায় আবেদনের জন্য শারীরিক উচ্চতা হবে ১৬৯ সেমি এবং বুকের ছাতি ৭৬ সেমি এবং ফুলিয়ে অন্তত ৫ সেমি বেশি। প্রতিটি বিষয়ে ন্যূনতম ৩৩ শতাংশ নম্বর পেয়ে স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক পাশ করতে হবে। ৭) *সোলজার ট্রেডসম্যান (অল আর্মস-অষ্টম পাশ)*— শাখায় আবেদনের জন্য শারীরিক উচ্চতা হবে ১৬৯ সেমি এবং বুকের ছাতি ৭৬ সেমি এবং ফুলিয়ে অন্তত ৫ সেমি বেশি। প্রতিটি বিষয়ে ন্যূনতম ৩৩ শতাংশ নম্বর পেয়ে স্বীকৃত বোর্ড থেকে অষ্টম শ্রেণি পাশ করতে হবে।

▶ **শারীরিক সক্ষমতার পরীক্ষা :** র‍্যালিতে প্রার্থীদের ফিজিক্যাল ফিটনেস টেস্টে অংশগ্রহণ করতে হবে, সেখানে গ্রুপ-১ বিভাগে ১.৬ কিমি দূরত্ব দৌড়তে হবে ৫ মিনিট ৩০ সেকেন্ডে। মোট নম্বর থাকবে ৬০। গ্রুপ-২ বিভাগে ঐ একই দূরত্ব দৌড়তে হবে ৫মিনিট ৩১-৪৫ সেকেন্ডর মধ্যে। মোট নম্বর ৪৮। গ্রুপ-১ বিভাগে বিম (পুল আপস) দিতে হতে ১০টি এবং ৯টি। গ্রুপ-২ বিভাগে বিম (পুল আপস) দিতে হতে ৮টি, ৭টি ও ৬টি। এরপর আছে ৯ ফুট ডিচ এবং জিগজ্যাগ ব্যালেন্স। দুটোতেই প্রার্থীকে পাশ করতে হবে। ফিজিক্যাল টেস্টে পাশ করলে প্রার্থীদের মেডিক্যাল টেস্টে অংশগ্রহণ করতে হবে। মেডিক্যাল টেস্টটি হবে মিলিটারি হসপিটাল/কমান্ড হসপিটাল/বেস হসপিটালে। এই ধাপে উত্তীর্ণ হলে প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে যেটার নাম কমন এন্ট্রান্স এক্সামিনেশন। শুধুমাত্র অবিবাহিত পুরুষ প্রার্থীরাই এখানে আবেদনযোগ্য। এছাড়া আরও বিস্তারিত জানতে www.joinindianarmy.nic.in ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

সাফল্যলাভে জিজ্ঞাসা

নিয়মিত দেওয়া হচ্ছে আমাদের বিশেষ বিভাগ 'সাফল্যলাভে জিজ্ঞাসা'। শুধুমাত্র চাকরির পরীক্ষার খোঁজখবর নয়, চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, সরকারি চাকরির নানা ধরনের কোর্স ও ট্রেনিং, প্রয়োজনীয় ওয়েবসাইট– এমন বিবিধ প্রশ্নের সঠিক তথ্যের ডালি নিয়ে সাজানো এই বিভাগ। সমস্ত তথ্যের উত্তর দিচ্ছেন GSCE-র বিভাগীয় বিশেষজ্ঞগণ।

এনসিইআরটি

◆ 'ন্যাশনাল কাউন্সিল অফ এডুকেশনাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং' (এনসিইআরটি) কনসালট্যান্ট পদে কর্মী নিয়োগ করবে বলে শুনেছি। আমি আবেদন করতে চাই। আমি এডুকেশনে এমএ পাশ করেছি আগের বছর। আমি কি আবেদন করতে পারব? দয়া করে জানাবেন।

তিয়াসা সরকার, দিনহাটা

☞ 'ন্যাশনাল কাউন্সিল অফ এডুকেশনাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং' (এনসিইআরটি) বিজ্ঞপ্তি নম্বর : F21-I/CNTI/2021-22 অনুযায়ী অনলাইন ইন্টারভিউয়ের মাধ্যমে সিনিয়র কনসালট্যান্ট এবং কনসালট্যান্ট পদে প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। সিনিয়র কনসালট্যান্ট পদে আবেদনের জন্য অন্তত ৫৫ শতাংশ নম্বরসহ মাস্টার ডিগ্রি পাশ করতে হবে অ্যাডাল্ট এডুকেশন/এডুকেশন/সোশ্যাল সায়েন্স/হিউম্যানিটিজ/সোশ্যাল ওয়ার্ক বিষয়ে। এর সঙ্গে ২০০৯ সালের আগে নেট পরীক্ষায় উত্তীর্ণ অথবা পিএইচডি ডিগ্রি সম্পূর্ণ করতে হবে। অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। কনসালট্যান্ট পদে আবেদনের জন্য একই শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন। দুটি শাখাতে শূন্যপদ ২টি করে মোট ৪টি। আপনার এই যোগ্যতা থাকলে ২৮ জুলাই বিকেল পাঁচটার মধ্যে বায়োডাটা ইমেল করে দেবেন recruitment.cncl.ncert@gmail.com এই ইমেল আইডিতে। বাছাই প্রার্থীদের অনলাইন ইন্টারভিউতে ডাকা হবে। বিস্তারিত জানতে www.ncert.nic.in ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

স্কুল সার্ভিস কমিশন

◆ স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে গ্রুপ-সি এবং গ্রুপ-ডি পদে নিয়োগ বিজ্ঞপ্তি কবে বেরোবে?

শুভদীপ রায়, মন্তেশ্বর, পূর্ব বর্ধমান

☞ স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে লাইব্রেরিয়ান (গ্রুপ-সি), গ্রুপ-ডি শাখায় প্রায় সাড়ে ১০ হাজার শূন্যপদে শীঘ্রই রাজ্য সরকার নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে বলে জানিয়েছে। ঐ একই সময়ে কলকাতা পুলিশেও নিয়োগ করা হবে বলে সরকারের তরফে জানানো হয়েছে। কলকাতা পুলিশে ইতিমধ্যেই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়ে গেছে। সুতরাং আশা করা যায় স্কুল সার্ভিস কমিশনও শীঘ্রই সংশ্লিষ্ট পদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করে দেবে। নিয়মিত চোখ রাখুন পত্রিকার পাতায়।

জেলা আদালত

◆ আলিপুর জেলা আদালতে গ্রুপ-ডি পদে বিজ্ঞপ্তি কবে বের হবে?

কৃষ্ণ মণ্ডল, উত্তরদিনাজপুর, রায়গঞ্জ

☞ আলিপুর আদালতে গ্রুপ-ডি পদে নিয়োগের বিজ্ঞপ্তি এবছরের শেষের দিকে বেরোতে পারে। নতুন আপডেট পেতে নিয়মিত চোখ রাখন www.districts.ecourts.gov.in ওয়েবসাইটে চোখ রাখুন।

রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

◆ রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে বিজ্ঞপ্তি কবে আসবে?

আজাহারউদ্দিন মল্লিক, সোনামুখী, বাঁকুড়া

☞ এ বছর সাম্প্রতিককালে রেলের স্নাতক পাশে ও গ্রুপ-ডি লেভেলের বিভিন্ন পদে নিয়োগের জন্য পরীক্ষাগ্রহণ চলছে। অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলটে প্রায় ৩৭০০০ শূন্যপদে নিয়োগ হবার সম্ভাবনা আছে যার বিজ্ঞপ্তি আগামী বছরের এই সময় প্রকাশিত হতে পারে বলে খবর পাওয়া যাচ্ছে। পরীক্ষা সংক্রান্ত বিষয়ে নিত্য নতুন আপডেট পেতে নিয়মিত চোখ রাখুন আমাদের পত্রিকার পাতায়।

পিএসসি জুডিসিয়াল সার্ভিস

◆ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা অনুষ্ঠিত জুডিসিয়াল সার্ভিস এক্সাম ২০২১ সম্পর্কে জানতে চাই। আমি বর্তমানে আইন পড়ছি, ফাইনাল ইয়ার পাঠরত। আবেদন করতে পারব কী?

তুষার কর্মকার, কাঁচড়াপাড়া

☞ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন, ওয়েস্ট বেঙ্গল জুডিসিয়াল সার্ভিস এক্সামিনেশন ২০২১ পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই বিজ্ঞপ্তি নম্বর : 08/2021। আবেদনের জন্য প্রার্থীর বয়স হতে হবে ১০ জুলাই, ২০২১ তারিখ অনুযায়ী ২৩-৩৫ বছরের মধ্যে। শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন ১০ জুলাই, ২০২১ তারিখের মধ্যে আইনে স্নাতক পাশ করতে হবে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে এবং বার কাউন্সিল (যেকোনো রাজ্য বা কেন্দ্রীয় শাসিত অঞ্চল দ্বারা স্বীকৃত) বার কাউন্সিল থেকে অ্যাডভোকেট হিসেবে নাম এনরোলমেন্ট হয়ে থাকতে হবে। শূন্যপদ ১৪টি। প্রিলিমিনারি পরীক্ষা হবে এবছর সেপ্টেম্বর মাস নাগাদ। আবেদন করতে হবে ৫ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে। আবেদন ফি ২১০ টাকা ও সার্ভিস চার্জ। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধীদের আবেদন ফি লাগবে না। আবেদন করতে www.wbpsc.gov.in ওয়েবসাইটিতে যাবেন।

বিকম পরবর্তী উচ্চশিক্ষা

◆ এখন আমি বিকম (অ্যাকাউন্টিং অ্যান্ড ফাইন্যান্স অনার্স) এর সিক্স সেমিস্টারের ছাত্র। ভবিষ্যতে আমি ইন্ডিয়ান ফিন্যান্সিয়াল মার্কেট স্তরে কাজ করতে চাই। একথা চিন্তা করে গ্র্যাজুয়েশনের পর আমি এমবিএ করার চিন্তাভাবনা করেছি। এমবিএ ছাড়া ৩ বছরের কম সময়ের মেয়াদে এবং কম খরচে আর কোন কোর্স করলে আমার কেরিয়ারের পক্ষে ভালো হবে?

শুভ ভট্টাচার্য, সোনারপুর, দক্ষিণ ২৪-পরগনা

☞ কমার্স শাখার স্টুডেন্টদের জন্য বিকম পাশ করার পর এমবিএ ছাড়া ন্যূনতম ৬ মাস থেকে ১ বছর মেয়াদের বিভিন্ন কোর্স নানাবিধ স্বীকৃত প্রতিষ্ঠানে পড়ানো হয়ে থাকে। আপনি যেহেতু ফিন্যান্সিয়াল মার্কেটের ওপর ভবিষ্যতে কাজ করতে চেয়েছেন, সেক্ষেত্রে খুব বেশি খরচ করে উচ্চলেভেলের কোনো কোর্স করলেই যে আপনি ভালো চাকরি পাবেন, বেসরকারি ক্ষেত্রে সেই গ্যারান্টি আপনাকে কেউ দেবে না। বেসরকারি চাকরির ক্ষেত্রে সবসময় কাজের অভিজ্ঞতা প্রাধান্য পায়। যাইহোক অন্তত ৬ মাস থেকে ১ বছর মেয়াদের স্বল্প খরচের কিছু কোর্সের নাম আপনাকে এখানে জানানো হল যা সম্পূর্ণ করলে চাকরির জগতে আপনি অ্যাডভান্টেজ পেয়ে থাকতে পারেন। যথা– ১) সার্টিফিকেট ইন ব্যাঙ্কিং, ২) সার্টিফিকেট ইন অ্যাকাউন্টিং, ৩) সার্টিফিকেট ইন ইকমার্স, ৪) সার্টিফিকেট ইন ডিজিট্যাল মার্কেটিং, ৫) পিজি সার্টিফিকেট ইন ব্যাঙ্কিং অ্যান্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস, ৬) সার্টিফিকেট ইন স্টক মার্কেট, ৭) সার্টিফিকেট ইন পাবলিক রিলেশন, ৮) সার্টিফিকেট ইন ডিজাস্টার ম্যানেজমেন্ট, ৯) সার্টিফিকেট ইন লাইব্রেরি অ্যান্ড ইনফরমেশন সায়েন্সেস এবং ১০) সার্টিফিকেট ইন রুরাল ডেভেলপমেন্ট। উক্ত কোর্সগুলি রাজ্যের কোন প্রতিষ্ঠানে পড়ানো হয় ইত্যাদি বিষয়ে জানতে দয়া করে একটু খোঁজখবর করে নেবেন।

চাকরির পরীক্ষার বিজ্ঞপ্তি, পরীক্ষার তারিখ, ফল প্রকাশ ইত্যাদি চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, নানা ধরনের কোর্স ও ট্রেনিং সম্পর্কিত কোনও প্রশ্ন থাকলে নিজের নাম, ঠিকানা, ফোন নম্বর ও ইমেল আইডি দিয়ে প্রশ্নপত্র পাঠাতে পারেন। পাঠাবেন এই ইমেল আইডিতে। **Email : sckmatter@gmail.com** অনুগ্রহ করে একাধিক প্রশ্ন পাঠাবেন না। আগে আসার ভিত্তিতে ধারাবাহিকভাবে উত্তর ছাপানো হবে। কোনো বিতর্কিত প্রশ্নের উত্তর দেওয়া হবে না।

❖ WBCS Prelims 2020-21 Special Model Set-1 Explanation ❖

১৪ পাতার পরবর্তী অংশ

New Delhi. 4) Southern Region headquartered at Chennai. 5) Western Region headquartered at Mumbai.

196. (b) Association of Indian Universities was started in 1925. All the major universities in India hold membership in Association of Indian Universities. It is registered under Societies Registration Act, 1860. Currently there are 527 members in Association of Indian Universities.
197. (c) The Telecom Regulatory Authority of India is a statutory body set up by the Government of India under section 3 of the Telecom Regulatory Authority of India Act,1997. It is the regulator of the telecommunications sector in India.
198. (a) On January 8, 2020, Union Cabinet has approved promulgation of Mineral Laws (Amendment) Ordinance 2020. The Ordinance will amend Mines and Minerals (Development and Regulation) Act 1957 and Coal Mines (Special Provisions) Act 2015. The Ordinance will ease rules for auctioning of coal mines and to open up to all sectors. Government has also done away with end-use restrictions of the coal mining blocks.
199. (b) The 10th edition of Bharatiya Chhatra Sansad (Indian Student Parliament) has commenced in New Delhi on February 20.Vice President of India M Venkaiah Naidu has inaugurated the four-day event. Indian Student Parliament is a platform, which creates political awareness among students. P. Ramakrishnan, Speaker of the Kerala Legislative Assembly was awarded the Ideal Legislative Assembly Speaker award in the event.
200. (b) The Chief Minister of Uttar Pradesh Yogi Adityanath inaugurated the 10-day Rangotsav festival at Barsana in Mathura, Uttar Pradesh. He also participated in the inaugural event of the festival called Laddoo Holi. Mathura is known for the colourful Holi celebration and will host various forms of the Holi festival at different venues by cultural events.

GSCE Publications থেকে প্রকাশিত হল

Dates of Upcoming Examinations

Examination Name	Date	Website
BANK EXAM		
IBPS Clerk-XI (Preli Exam) 2021	28-29.08.2021 04-05.09.2021	www.ibps.in
IBPS Clerk-XI (Mains Exam) 2021	31.10.2021	
IBPS PO / MT (Preli Exam) 2021	9,10,16,17.10.2021	
IBPS PO / MT (Mains Exam) 2021	27.11.2021	
RRB Office Asst., Officer Scale-I (X) Preli Exam	1,7,8,14,21.08.2021	
RRB Office Asst. (X) Mains Exam	03.10.2021	
RRB Officer Scale-I, II Mains Exam	25.09.2021	
UPSC (Union Public Service Commission)		
Indian Forest Service (Preli) Exam-2021	27.06.2021	www.upsc.gov.in
Indian Forest Service (Mains) Exam-2021	21.11.2021	
Civil Services (Preli) Exam-2021	27.06.2021	
Civil Services (Mains) Exam-2021	17.09.2021	
CDS Exam-II 2021	14.11.2021	
NDA & NA Exam-II 2021	05.09.2021	
CAPF (ACs) Exam 2021	08.08.2021	
Engineering Service Preli Exam 2021	18.07.2021	
IES / ISS Exam 2021	16.07.2021	
Staff Selection Commission		
MTS Tier-I Exam 2021	01-20.07.2021	www.ssc.nic.in
MTS Tier-II Exam 2021	21.11.2021	
SSC GD Constable, 2020	02-25.08.2021	
Delhi Police SI (Paper-II) 2020	12.07.2021	
West Bengal & All India Various Exams' Date		
WBCS Preliminary 2021 Exam	22.08.2021	www.wbpsc.gov.in
WBCS 2020 Mains Exam	27-29, 31.08.2021	
PSC ICDS Supervisor (Mains)	12-13.12.2021	
PSC Audit & Accounts Service 2020 Preli	13.06.2021 (Postponed)	

West Bengal and All India Various Exams' Result	
IBPS Clerk-X Main Exam Result	www.ibps.in
IBPS PO / MT-IX Provisional Allotment under Reserve List	
IBPS Clerk-IX Provisional Allotment under Reserve List	
IBPS PO / MT-X Mains Result	
IBPS Clerk-X Mains Result	
IBPS RRB-IX (Office Assistant) Mains Result	
WB Police Constable (Male) Final Exam Result	www.wbpolice.gov.in
WB Police Excise Constable Prelims Result, 2019	
WB Police SI 2019 Prelims Result	
WB Police SI & ISI Final Result	

The results of the following examinations have been published. For more details browse the respective websites.

Examination	Website
UPSC (Union Public Service Commission)	
UPSC CDS-II 2020 Result	www.upsc.gov.in
Joint Asst. Director (Advt. 13/2019) Result	
Deputy Central Intelligence Officer (Advt. 18 / 2019) Result	
Asst. Legal Advisor (Advt. 10 / 2019) Result	
Company Prosecutor (Advt. 06 / 2019) Result	
CAPF (ACS) Exam 2018 Reserve List	
CDS (1) 2020 Result	
IES Exam 2019 Final Result	
Engineering Services 2020 (Prelims)	
Civil Services Exam 2019 (Mains)	
Staff Selection Commission	
SSC Junior Engineer 2020 Paper-I Result	www.ssc.nic.in
Jr. Hindi Translator, Jr. Translator 2020 Paper-II Result	
SSC SI & ASI 2018 Final Result	
SSC CGL 2019 Tier-I Result	
SSC CGL 2018 Final Result	
SSC Stenographer Grade-C&D 2018 Revised Final Result	
SSC CPO Paper-I Aditional Result	
CHSL Exam 2018 (Tier-II) Result	
Junior Hindi Translator & other 2018 Final Result	
Selection Posts (Phase-VII) CBT Result	
SI in Delhi Police & ASI in CISF Exam 2019 Result	
West Bengal and All India Various Exams' Result	
WB Municipal Service Commission, Field Worker MHW Advt. No. 09, 20 / 2020	www.mscwb.org
WB Municipal Service Commission, Food Safety Officer Advt. No. 13,19/2020	
WB Municipal Service Commission, Sub-Assistant Engineer Advt. No. 08/2020	
Calcutta High Court District Judge Preli Result	calcuttahighcourt.gov.in
IBPS PO/MT-X Mains Result	www.ibps.in
IBPS Clerk-X Preli Result	
WBSEDCL Assistant Engineer Final Result, 2019	www.wbsedcl.in
SBI Clerk Preli Result,2020	www.sbi.co.in
West Bengal Co-Operative Service Commission Result	www.webcsc.org
WBPSC Audit & Accounts Service Exam 2019 Preliminary	www.wbpsc.gov.in
WBPSC Misc. Services Preliminary 2019 Results	
WBPSC Food & Supply Sub-Inspector Result	
FCI Manager Phase-II Result	www.fci.gov.in
WBCS 2020 Preliminary Result	www.wbpsc.gov.in
PSC Miscellaneous Services Exam 2018 Mains Result	www.wbpsc.gov.in
PSC Industrial Development Officer Prelims Result	
RBI Officer Grade-B Phase-I Result	www.rbi.org.in

সম্প্রতি প্রকাশিত পরীক্ষার ফলাফল এবং আসন্ন পরীক্ষার তারিখ তালিকার আকারে উপরে দেওয়া হয়েছে। সাম্প্রতিক লকডাউন পরিস্থিতিতে অনেক পরীক্ষার তারিখ পিছোতে পারে, নতুন তারিখ জানানো হলে আমরা তা পত্রিকায় জানিয়ে দেব। পরীক্ষায় প্রার্থীর নিজের ফলাফল জানতে বা আসন্ন পরীক্ষায় কীভাবে প্রস্তুতি নিলে চূড়ান্ত সফল হবেন, সে বিষয়ে যদি সহায়তা চান, তাহলে 'জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এগজামস' (GSCE)-এর নিকটবর্তী কেন্দ্রে যোগাযোগ করুন।

ESTD.-1920

দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট

100 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2020

ট্রেনিং পার্টনার ঃ ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (N.S.D.C)

জীবন গড়ার ১০০ বছর

■*নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় (ইউ জি সি অনুমোদিত) দ্বারা স্বীকৃত

প্রধান কোর্স সমূহ — যোগ্যতা ক্লাস X/XII বোর্ড এক্সাম

- ইলেকট্রনিক্স অ্যাণ্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
- কম্পিউটার হার্ডওয়্যার অ্যাণ্ড অ্যাডভান্সড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং #
- * রাউটিং সুইচিং এক্সপার্ট
- * নেটওয়ার্ক এক্সপার্ট
- এসি অ্যাণ্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং #
- অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
- * ইলেকট্রিক্যাল অ্যাণ্ড ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং
- * সিসিটিভি টেকনিসিয়ান
- মোবাইল অ্যাণ্ড টেলিফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- * স্মার্টফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- অ্যাডভান্স মোবাইল রিপেয়ারিং (ই.এম.এম.সি) প্রফেশনাল
- ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান
- সোলার পাওয়ার টেকনোলজি
- সাইবার সিকিউরিটি এণ্ড ইনফরমেশন
- ডিজিটাল মিডিয়া অ্যাণ্ড মার্কেটিং
- প্রফেশনাল এক্সিকিউটিভ সেক্রেটারী #
- * অফিস ম্যানেজমেন্ট (ফ্রন্ট অ্যাণ্ড ব্যাক)
- * প্রফেশনাল বিসনেস অ্যাকাউন্ট্যান্ট
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যাণ্ড প্রোগ্রামিং #
- * কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যাণ্ড অফিস ম্যানেজমেন্ট #
- * স্টেনোগ্রাফি * মাইক্রোসফট অফিস (এক্সেল সহ)
- * ট্যালি GST * ডট নেট টেকনোলজি

Bank of Maharashtra
- ১০০% এডুকেশন লোন
- পরিশোধ করার সময়সীমা : ১৫ বছর
- চাকরী পাওয়ার পর অথবা ডিপ্লোমা / সার্টিফিকেট পাওয়ার ১ বছর পর থেকে EMI শুরু
- EMI সমান

*Scan QR code for more details

